যারে    নিজে তুমি ভাসিয়েছিলে দুঃখধারার ভরা স্রোতে
তারে   ডাক দিলে আজ কোন্ খেয়ালে
আবার তোমার ও পার হতে ॥
শ্রাবণ-রাতে বাদল-ধারে উদাস ক'রে কাঁদাও যারে
আবার তারে ফিরিয়ে আনো ফুল-ফোটানো ফাগুন-রাতে ॥
এ পার হতে ও পার ক'রে    বাটে বাটে ঘোরাও মোরে ।
কুড়িয়ে আনা, ছড়িয়ে ফেলা,   এই কি তোমার একই খেলা—
লাগাও ধাঁধা বারে বারে এই আঁধারে এই আলোতে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Kirtan
Visit www.geetabitan.com for notation and other detail